



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর
সরকারী কার্যভবন-১, আখ্ৰাবাদ, চট্টগ্রাম।
ফোন - ৭২৪১৪০, ৭২১৯০২, ফ্যাক্স : ৭২৪৯৫৪
ই মেইল: mmdctgbd@gmail.com

নং -১৮.১৭.১৫০০.১০১.১১.০০১.১৮/

তারিখ : ০৮-০১-২০১৯ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

নৌ বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম এর জন্য রাজস্ব খাতে নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদ পূরণের জন্য স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা	যে সকল বিভাগের প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।
১।	হিসাব রক্ষক	১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩	১ (এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি।	চট্টগ্রাম বিভাগ

- ১। শর্তাবলী:-আগ্রহী প্রার্থীদের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্ধারিত নমুনা ফরমে দরখাস্ত দাখিল করতে হবে। নমুনা ফরম অত্র দপ্তরের নিজস্ব ওয়েবসাইট www.mmd.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- ২। আবেদনকারীর বয়সসীমা আগামী ২৮শে ফেব্রুয়ারী, ২০১৯ খ্রি: তারিখে ১৮ হতে ৩০ বৎসর, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং তাদের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বৎসর।
- ৩। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে (অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়)। বিভাগীয় প্রার্থীদের বেলায় বয়সসীমা শিথিলযোগ্য।
- ৪। প্রার্থীর সাম্প্রতিক তোলা ৩(তিন) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদনকারীকে খামের উপর পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটার (প্রযোজ্য ক্ষেত্রে) নাম উল্লেখ করতে হবে। ডাকযোগাযোগের ঠিকানা এবং ১০ (দশ) টাকার ডাক টিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০"X৪.৫" ইঞ্চি মাপের) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে নৌ বাণিজ্য দপ্তর, সরকারী কার্যভবন-১, আখ্ৰাবাদ, চট্টগ্রাম-৪১০০৪ আগামী ২৮শে ফেব্রুয়ারী, ২০১৯ ইং তারিখের মধ্যে ডাকযোগে বা হাতে হাতে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। উক্ত সময়ের পর প্রাপ্ত (যেভাবেই প্রেরণ করা হউক) কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৫। পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে আবেদন পত্রের সাথে প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, সরকারী কার্যভবন-১, আখ্ৰাবাদ, চট্টগ্রাম-এর বরাবরে কোড নং-১-৫২৩৫-০০০০-২৬৮১ তে টাকা ১০০/- (একশত), টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে তার মূল কপি সংযুক্ত করতে হবে।
- ৬। সরকারী নীতিমালা ও নির্দেশনানুযায়ী এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী (জেলা কোটা বহির্ভূত) মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানদের পুত্র ও কন্যা, উপজাতীয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য এবং জেলা কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ৭। আবেদনকারীদের লিখিত, মৌখিক, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় হাজির হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৮। সাক্ষাতের সময় সব ধরনের সনদপত্রের মূল কপি দেখাতে হবে।
- ৯। অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র অথবা কারও আবেদনপত্রে কোন প্রকার সুপারিশ থাকলে সে সব আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। উক্ত পদে প্রার্থীর কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
- ১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১২। প্রার্থীর নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ১৩। নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করাসহ প্রকাশিত বিজ্ঞপ্তি আংশিক সংশোধন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মো: শফিকুল ইসলাম)
প্রিন্সিপাল অফিসার।